


Book review - Neel Bytha by Abhijit Daskarmakar



নীল ব্যথা

লেখক

রাই মোহিনী (সংযুক্তা পাল)

প্রচ্ছদ

ধীমান পাল

আলোচক : অভিজিৎ দাসকর্মকার

সম্ভোগ শেষে ধ্যানস্থ হলেন ঈশ্বর
চুলের জটে বিচ্ছেদের পানকৌড়ি ডুবে ছিল ;
আনন্দ এলো সং — চিং পথে ;
অখণ্ড পদের একেকটা পাপড়িমুখ উন্মুক্ত করেন কমলে-কামিনী।
স্নানের ঘরে যমুনার নিচে তলিয়ে যাওয়া রহস্য নিয়ে -
স্বর্গের মতো করে ইন্দ্রিয় বোঝে না সম্পর্কের মানে,
কৃষ্ণ মূর্তির পাদদেশে অনুকম্পা খোঁজে স্বেচ্ছাচার ;

আড়ি-আড়ি চিংকারে আঁকড়ে থাকা মাকড়সা জীবন।
উত্তীর্ণ হয়ে শেষমেশ কৃষ্ণেন্দ্রিয়ের, শিলার নিচে গড়িয়ে পড়ে জল
যুবতী বেহুলা একদিন বাধ্য হয়ে শিখেছিল রাজনীতি —
বনজ অন্ধকার, গর্ভে নামুক আষাঢ় —
... মাথা উঁচু করেছিল অধিকারবোধ, সরাসরি লড়াকু আলো, আর
আয়ানের হাতে বালিশের সুখ খোঁজা রাত
সাধনায় আকর্ষণ ভৈরবী -
ভিড় ... প্রশ্ন ... আক্রমণ ... প্রতিযোগিতা
সবাই অপেক্ষারত -

বইটি পড়ার পর আমার অনুভূতিগুলো আমার চিন্তাশ্রমে পুষ্ট হয়ে যা আসে
তাতে এই বইটিতে কবি ৩০টি কবিতা, একক দৃষ্টিভঙ্গি, একদিকে কবিতা
ভাবনার গমন, পুরাতনের সাথে নতুনের মেলবন্ধনের চেষ্টা এবং মননশীল
পাঠকের জন্য একটি আরামদায়ক প্রচেষ্টা। কবিতাগুলি পড়তে গিয়ে আমার
দু’-রকম অনুভূতি,
কবিতাগুলি সুন্দর ভাবে পুষ্ট। কারণ রাই মোহিনীর অনেক কবিতাই তার
ভিতরের রাই মোহিনী, না পাওয়া রাই মোহিনী, বলতে না পারা, প্রতিবাদে
বুক ফাটছে তবু রাগবহুল শব্দদের বা সামাজিক অবস্থানের ঘেরাটোপে
প্রত্যক্ষভাবে প্রতিবাদ না করতে পারাকে সংযম করা রাই মোহিনী, কলম
নাকি তলোয়ারের চেয়ে ধার বেশি সেই পথকে অবলম্বন করে নিয়েছে। তার
বহিঃপ্রকাশ এবং ভিতরপ্রকাশ তো থাকেই এবং এই বইটিতেও রয়েছে। শব্দ,

Book review - Neel Bytha by Abhijit Daskarmakar

ভাবনা, পুরাণ আর রাই মোহিনী তত্ত্বের মিল ও মিশ পাওয়া যায়।

যেখানে রাই মোহিনীর জীবন তত্ত্ব বা কবিতার প্রোটোগনিস্টদের জীবনী ভাঙ্গি নিজ আঙ্গিকে শব্দবন্ধ হয়ে ‘রা’ প্রকাশনের হাত ধরে বইমেলা তারপর পাঠকের হাতে, পাঠকের পড়ার সময়ে এবং এই বিষয় নিয়ে কিছু বলার ভাবনাগৃহে মনন এবং ভেসে যাবার রসস্ব্ফীতিতে উন্মাদনা আনতে পারে, এমনকি এনেছেও। আমার ভালো লাগা রইলো ওই ভাবনা ও তত্ত্ব-বন্ধনের মেলামেশাকে। আবার ...

এটাও মনে হয় আমার, এবং একান্তই আমার, যদি এই তত্ত্বকে আরো একটু সময় নিয়ে আরোও নবনাইজড করা যেতো, যেটা এই সময়ের শব্দ, এই সময়ের ক্রাইসিস তাহলে বিষয়টা আমার মনে হয় আরো বেশি করে সমাজ সামাজিক অবস্থা এবং সামাজিকতার নামে শব্দপাকামিকে চূড়ান্ততা দেয়া যেতো। যাইহোক ১-নং থেকে ৩০ টি কবিতা একবার উলটে-পালটে পড়তে পারেন। এতে মনে হয় রাই মোহিনী-র নীল ব্যথা একটু হলেও লাঘব হবে ...